

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১১, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্পেশাল জজ (জেলা ও দায়রা জজ) আদালত  
কুমিল্লা।

বিজ্ঞপ্তি

যেহেতু নিম্নে তফসিলে উল্লিখিত আসামীদের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি রহিয়াছে এবং যেহেতু তাহাদের বিরুদ্ধে ফৌজদারী কার্যবিধির ৮৭/৮৮ ধারার বিধানমতে কার্যক্রম গ্রহণ করা হইয়াছে এবং যেহেতু অত্র আদালতের বিশ্বাস করার যুক্তিসংগত কারণ রহিয়াছে যে, নিম্নবর্ণিত আসামীগণ তাহাদের গ্রেফতার বা বিচারে সোপর্দকরণ প্রক্রিয়া এড়াইবার জন্য পলাতক রহিয়াছে বা আত্মগোপন করিয়াছে এবং যেহেতু উক্ত আসামীদের আশু গ্রেফতার হইবার কোনো সম্ভাবনা নাই।

সেহেতু এক্ষণে ১৯৫৮ সনের ফৌজদারী আইন সংশোধনী অ্যাক্ট ৬(১এ) ধারার বিধান অনুযায়ী নিম্নলিখিত আসামীগণকে তাহাদের নামের পার্শ্বে বর্ণিত মামলার বিচারের জন্য বিজ্ঞপ্তি প্রকাশের ৩০(ত্রিশ) দিনের মধ্যে কুমিল্লা স্পেশাল জজ (জেলা ও দায়রা জজ) আদালতে হাজির হইবার নির্দেশ দেওয়া গেল। অন্যথায়, তাহাদের অনুপস্থিতিতে বিচারকার্য সম্পন্ন করা হইবে।

তফসিল

ক্রমিক নং	মামলার নম্বর, ধারা ও তারিখ	আসামীদের নাম, পিতার নাম ও ঠিকানা
১.	স্পেশাল মামলা নং-১৭/২১, দুদক, সজেকা কুমিল্লা মামলা নং-০১, তারিখ- ০১-১১-২০২০ ইং। ধারা: দন্ডবিধি ৪২০/১৬২ তৎসহ ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২)।	১। মোঃ জসিম উদ্দিন, সাবেক অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, কুমিল্লা এবং ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। বর্তমানে আঞ্চলিক পাসপোর্ট অফিস, চাঁপাইনবাবগঞ্জ, পিতা-মোঃ আবদুস ছোবহান, সাং দক্ষিণ হোসনাবাদ, থানা-বেতাগী, জেলা-বরগুনা।

সামছুন্নাহার

স্পেশাল জজ (সিনিয়র জেলা ও দায়রা জজ)  
কুমিল্লা।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৪২৩৭)

মূল্য : টাকা ৪.০০